

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর  
ই-২৪, আগারগাঁও, ঢাকা-১২০৭  
[www.bmd.gov.bd](http://www.bmd.gov.bd)

১৭, বৈশাখ ১৪৩১

তারিখ: ০২ মে ২০২৪

নম্বর: ২৩.০৯.২৬৮০.১৭২.৪৩.০০১.১৯. ২০২০

বিষয়: মে ২০২৪ এর দীর্ঘমেয়াদি আবহাওয়ার পূর্বাভাস।

দীর্ঘমেয়াদি আবহাওয়ার পূর্বাভাস প্রদানের নিয়মিত বিশেষজ্ঞ কমিটির নিয়মিত সভা ০২ মে ২০২৪ সকাল ১০:০০ ঘটিকায় কড় সতর্কারণ কেন্দ্র, ঢাকায় এবং Video Conferencing এর মাধ্যমে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় এপ্রিল ২০২৪ মাসের আবহাওয়ার বিভিন্ন তথ্য ও উপাত্ত পর্যালোচিত হয়। পর্যালোচনাকালে পরিলক্ষিত হয় যে, এপ্রিল ২০২৪ মাসে বাংলাদেশে গড় বৃষ্টিপাত্রের পরিমাণ ও দিন সংখ্যা নিয়ন্ত্রণ ছিল:

বিভাগ	স্বাভাবিক বৃষ্টিপাত্র (মি:মি:)	রেকর্ডকৃত গড় বৃষ্টিপাত্র (মি:মি:)	বৃষ্টিপাত্রের পরিমাণের বিচুরি (%)	স্বাভাবিক বৃষ্টিপাত্রের দিন সংখ্যা	রেকর্ডকৃত গড় বৃষ্টিপাত্রের দিন সংখ্যা
ঢাকা	১৪৮	১৪	-৯১%	০৮	০১
ময়মনসিংহ	১৬৪	১৯	-৮৮%	০৮	০১
চট্টগ্রাম	১৪৩	২২	-৮৮%	০৭	০১
সিলেট	২৯৬	২৯৩	-১%	১৩	১১
রাজশাহী	৯৩	০	-১০০%	০৬	০
রংপুর	১২৯	০	-১০০%	০৬	০১
খুলনা	৭৯	৯	-৮৯%	০৫	০১
বরিশাল	১৩৩	১৯	-৮৬%	০৭	০১
বাংলাদেশ	১৩৪	২৬	-৮১%	১৩	০৩

এপ্রিল ২০২৪ মাসে সারাদেশে স্বাভাবিক অপেক্ষা কম(-৮১%) বৃষ্টিপাত্র হয়েছে। ভারতের পশ্চিমবঙ্গ ও তৎসংলগ্ন বাংলাদেশের পশ্চিমাঞ্চলীয় এলাকায় তাঁচীয় নলঁচাপ অবস্থান কর্যালয় দেশের অনেক স্থানের উপর দিয়ে ০১-১৯ এপ্রিল ২০২৪ পর্যন্ত মাঝারি থেকে তীব্র এবং ২০-৩০ এপ্রিল ২০২৪ পর্যন্ত তীব্র থেকে অতি তীব্র তাপপ্রবাহ বয়ে যায়। পশ্চিমা নলঁচাপের সাথে পূর্বাঞ্চলীয় বায়ুপ্রবাহের সংযোগ ঘটায় ০১-০৭, ১৬-১৮, ২১, ২৩, ২৬-২৮ এবং ৩০ এপ্রিল ২০২৪ সময়ে দেশে বিছিনভাবে বৰ্জপাত ও অস্থায়ী দমকা/বাড়ো হাওয়াসহ বৃষ্টি/বজ্রসহ কালবৈশাখী কড় হয়েছে। এ মাসের ২৭ এপ্রিল ২০২৪ সিলেট এবং ২৮ এপ্রিল ২০২৪ শ্রীমঙ্গলে বাতাসের সর্বোচ্চ গতিবেগ ঘটায় ৮৯ কি.মি. রেকর্ড করা হয়। এ মাসে দেশের সর্বোচ্চ তাপমাত্রা ৪৩.৮°সে. (যশোর, ৩০ এপ্রিল ২০২৪) রেকর্ড করা হয়। এ মাসে দেশের সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা স্বাভাবিক অপেক্ষা যথাক্রমে ৩.২°সে. এবং ২.৮°সে. বেশি এবং সারাদেশে গড় তাপমাত্রা ৩.০°সে. বেশি ছিল। তাপ প্রবাহ, কৃষি আবহাওয়া এবং দেশের নদ-নদীর অবস্থা এপ্রিল ২০২৪ মাসের পূর্বাভাসের সাথে সংগতিপূর্ণ ছিল।

বিশ্ব আবহাওয়া সংস্থা অনুমোদিত Global Producing Centre (GPCs), ECMWF, JMA, NOAA, IRI-Columbia University, APEC Climate Centre (APCC), RIMES এবং C3S থেকে প্রাপ্ত মডেল পূর্বাভাস, আবহাওয়া উপাত্ত, উর্ধ্বাকাশের আবহাওয়া বিন্যাস, বায়ুমন্ডলের বিভিন্ন স্তরের বিশ্লেষিত আবহাওয়া মানচিত্র, জলবায়ু মডেল, SOI (এল-নিনো/লা-নিনা'র অবস্থা) ইত্যাদির যথাযথ বিশ্লেষণ পূর্বে মে ২০২৪ এর পূর্বাভাস নিম্নে প্রদত্ত হলো:

বিভাগ	স্বাভাবিক বৃষ্টিপাত্র (মি:মি:)	পূর্বাভাস বৃষ্টিপাত্রের পরিমাণ (মি:মি:)	স্বাভাবিক বৃষ্টিপাত্রের দিন সংখ্যা	পূর্বাভাস বৃষ্টিপাত্রের দিন সংখ্যা	মাটির আর্দ্রতা (৫০ সে.মি. পর্যন্ত) %
ঢাকা	২৯২	২৭৫-৩৫০	১৮	১৬-১৯	১৫-২৫
ময়মনসিংহ	৩৮০	৩৬০-৪৫৫	২০	১৮-২১	২০-৩০
চট্টগ্রাম	৩১০	২৯৫-৩৭০	১৭	১৫-১৮	২০-৩০
সিলেট	৫১০	৪৮৫-৬১০	২৪	২২-২৫	২০-৩০
রাজশাহী	১৯৬	১৮৫-২৩৫	১৬	১৪-১৭	১০-২০
রংপুর	২৬১	২৪৫-৩১৫	১৭	১৫-১৮	১৫-২৫
খুলনা	১৭৫	১৬৫-২১০	১৫	১৪-১৬	১০-২০
বরিশাল	২৬০	২৪৫-৩১০	১৭	১৫-১৮	১৫-২৫

১. সামগ্রিকভাবে দেশে স্বাভাবিক বৃষ্টিপাত্রের সম্ভাবনা আছে।
২. এ মাসে দেশে ৩-৫ দিন বজ্র ও শিলাবৃষ্টিসহ হালকা ধরণের কালবৈশাখী কড় এবং ২-৩ দিন বজ্র ও শিলাবৃষ্টিসহ মাঝারি/তীব্র কালবৈশাখী কড় হতে পারে।
৩. দেশের কোথাও কোথাও ১-৩ টি মৃদু (৩৬-৩৮°সে.)/ মাঝারি (৩৮-৪০°সে.) এবং ১-২টি তীব্র (>৪০°সে.) তাপ প্রবাহ বয়ে যেতে পারে। এ মাসে দিনের তাপমাত্রা স্বাভাবিক অপেক্ষা বেশি এবং রাতের তাপমাত্রা স্বাভাবিক থাকতে পারে।
৪. এ মাসে বজ্রাপসাগরে ১-২ টি লঁচাপ সৃষ্টি হতে পারে যার মধ্যে ০১ (এক) টি মাসের দ্বিতীয়ার্ধে নিয়চাপমূর্শিয়তে রূপ নিতে পারে।
৫. নদ-নদীর অবস্থায় মে মাসে দেশের প্রধান নদ-নদীসমূহে স্বাভাবিক প্রবাহ বিরাজমান থাকতে পারে। তবে উজানে ভারি বৃষ্টিপাত্রের প্রক্ষিতে দেশের উত্তরাঞ্চল ও উত্তর-পূর্বাঞ্চলের নদী সমূহের পানি সম্বত্ত সময় বিশেষে দুটো কৃতি পেতে পারে এবং কতিপয় স্থানে বিপদসীমার কাছাকাছি প্রবাহিত হতে পারে।
৬. কৃষি আবহাওয়ায় মে মাসে দেশের দৈনিক গড় বাস্পিভবন ৩.৫০-৫.৫০ মি:মি: এবং গড় সূর্য ক্রিঙ্গকাল ৬.৫০-৮.৫০ ঘটা থাকতে পারে।

মাননীয় মন্ত্রী

কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

ফ্যাক্স: ৯৫৮০৫৫৫, ৯৫৭৬৫৬৫

অনুলিপি (জেন্টেল ডিভিউ নথ):

১। মাননীয় প্রতিমন্ত্রী, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ফ্যাক্স: ৯৩৫০০২১।

২। মন্ত্রী পরিষদ সচিব, মন্ত্রী পরিষদ বিভাগ, ফ্যাক্স: ২২৩০৮৬৫৫৯।

৩। মখ্য সচিব, প্রধান মন্ত্রীর কার্যালয়, ফ্যাক্স: ৫৮১৫০২০২০।

৬। সিনিয়র সচিব, বানিজ্য মন্ত্রণালয়, ফ্যাক্স: ৯৫৪৫৭৪১।

৭। সিনিয়র সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ফ্যাক্স: ৫৮১৫২৫৩০।

৮। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ফ্যাক্স: ৯৫৪৫৪০৫।

(মোঃ আজিজুর রহমান)

পরিচালক

ও চেয়ারম্যান, বিশেষজ্ঞ কমিটি

১৫ মে ২০২৪